গণতন্ত্রের মোড়কে স্বৈরতন্ত্র

স্বৈরতন্ত্রকে হটিয়ে বাংলাদেশের রাজনীতি যখন গণতন্ত্রের দিকে যাত্রা শুরু করেছিল, তখন আমরা স্বস্তির নিঃশ্বাস নিয়েছিলাম। কিন্তু গণতন্ত্রের ধারক দলগুলো আমাদের স্বস্তি দীর্ঘস্থায়ী হতে দেয়নি। এখনো গণতন্ত্রের সুফল পায়নি দেশের মানুষ। এখনো জোর যার মুল্লুক তার নীতি বহাল রয়েছে। এখনো মানুষ বিনাবিচারে খুন হয়, গুম হয়। দুর্নীতিতে আমরা চ্যাম্পিয়নও হই। কথায় কথায় হরণ করা হয় মৌলিক অধিকার। গণতন্ত্রের মোড়কে আমরা আজো স্বৈরতন্ত্রের অধীনে আছি। জনসাধারণের রাজনৈতিক সচেতনতা আরো প্রখর হওয়া প্রয়োজন। তাদের শিক্ষা ও বিবেচনা বোধ ধারালো হলেই এ অবস্থা থেকে মুক্তি মিলবে।

জামিল খন্দকার
শিবপুর, নরসিংদী

প্রাণ খুলে বাঁচুন

আপনাকে কত মানুষ হিংসা ও ঘৃণা করে এবং কত মানুষ ভালবাসে? হিসাব না করেই মনমরা হয়ে আছেন? হিসাব করেই দেখুন না! আমি নিশ্চিত, গুনে দেখবেন আপনাকে যারা অপছন্দ করে তাদের চেয়ে ঢের বেশি মানুষ আপনাকে ভালবাসে। সুতরাং মুখে হাসি আনুন। নিজের জন্য এবং যারা আপনাকে ভালবাসে তাদের জন্য প্রাণখুলে বাঁচুন। আমি নিজেও এই থিউরি অবলম্বন করি। তাই নিজের মতো করে বেঁচে থাকার ক্ষেত্রে আমি বাধাপ্রাপ্ত হই না। ভালবাসা আমার পথ চলার অনুপ্রেরণা।

কানিজ ফাতেমা নওরীন
গেণ্ডারিয়া, ঢাকা

সার্টিফিকেটই কি সব?

আমাদের অন্যতম নেতিবাচক প্রবণতা– কথায় কথায় সার্টিফিকেট চাই। দক্ষতার দিকে আগে নজর যায় না, সার্টিফিকেটের প্রতি আমাদের বড় আগ্রহ। একজন সার্টিফিকেটপ্রাপ্ত বাবুর্চি– আরেকজন বাবুর্চিকে ততক্ষণ পাশে বসাবে না যতক্ষণ না সার্টিফিকেটের দেখা পায়। সমালোচক-বিচারকের সার্টিফিকেট যদি বিদেশি হয় তাহলে তো কথাই নেই, দেশি কোনো সার্টিফিকেট তার কাছে গ্রহণযোগ্য নয়। কাজ করবেন তো দূরের কথা, কিছু বললেও ওই সার্টিফিকেটধারী তথাকথিত পণ্ডিতরা মারতে আসবে, 'ওই তুই কথা বলিস কেন– তোর কি এই বিষয়ে সার্টিফিকেট আছে?'

আলীম সরদার
চাষাঢ়া, নারায়ণগঞ্জ

জ্ঞান অর্জন ও বিতরণ

আমার কোনো উচ্চাভিলাষ নেই। গাড়ি-বাড়ি, ব্যাংক ব্যালান্স কিছু প্রত্যাশা করি না। এসব যথেষ্ট নেই বলে আমার কোনো আক্ষেপও নেই। তবে মানুষ হিসেবে আমার একটি অভিলাষ অবশ্যই আছে। শুধু জ্ঞান অর্জন ও জ্ঞান বিতরণ করে যদি জীবনটা পার করে দেয়া যেত তাহলেই নিজেকে সার্থক ও সফল মনে হতো। কম বয়সে অনেক কিছু হওয়ার ইচ্ছে জেগেছিল। কিন্তু এখন মনে হয়, জ্ঞান অর্জন করে সেই জ্ঞানকে বিতরণই করাই মানুষের পবিত্র দায়িত্ব। আমি এই দায়িত্ব মাথা পেতে নিতে চাই। জ্ঞানের রাজ্যেই আমার মৃত্যু হোক।

নিবারণ চক্রবর্তী
বাসাবো, ঢাকা

শিল্পীর মন কাদামাটির মতো

একজন শিল্পীর মানসিক গড়ন সবচেয়ে অদ্ভুত, অস্বাভাবিক। একজন বিশুদ্ধ শিল্পী একই সঙ্গে পৃথিবীর সবচেয়ে সুখী এবং সবচেয়ে দুখী মানুষ। তার একপাশে অপার আনন্দময় সৃষ্টির জগৎ, আরেকপাশে একাকিত্বের ঘোর অমানিশা। একজন শিল্পী সৃষ্টির নেশায় মেতে ওঠেন নব আনন্দে। আর সৃষ্টি করার পর সে আনন্দ হয় সীমাহীন। সৃষ্টির বাইরে একজন শিল্পী বড় একা। শিল্পী তার জগতের রাজা। কিন্তু সেই রাজা বড় একা। শিল্পীমন কাদামাটির মতো নরম। খুব সহজে তা আঘাতপ্রাপ্ত হয়।

সেলিম আনোয়ার সাদাত
মগবাজার, ঢাকা

বলি হবে অন্যান্য দেশ

রাশিয়ার ওপর আরেক দফা অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। রাশিয়া ইউক্রেনের বিচ্ছিন্নতাবাদীদের মদদ দিচ্ছে অভিযোগ করে রাশিয়ার ব্যাংক, প্রতিরক্ষা ও জ্বালানি বিষয়ক বিভিন্ন প্রতিষ্ঠানের ওপর এই নিষেধাজ্ঞা আরোপ করা হলো। এর আগে ইইউও একই ধরনের নিষেধাজ্ঞা কার্যকর করে। রাশিয়া হুঁশিয়ারি দিয়ে রেখেছিল, যদি নতুন করে রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করা হয় তাহলে রাশিয়ার আকাশপথ অন্যদের জন্য বন্ধ করে দেয়া হবে। পরিস্থিতির অবনতি হচ্ছে। মনে হচ্ছে নিরীহ দেশগুলোকে এই উত্তেজনার বলি হতে হবে।

শাকির তালুকদার
রমনা, ঢাকা

শিক্ষকরাও হিংসার শিকার!

আগে সাধারণ মানুষ পুলিশ ও সন্ত্রাসীদের আক্রমণের শিকার হতো। এখন সাংবাদিক এবং শিক্ষকও আক্রমণের হাত থেকে রেহাই পাচ্ছেন না। কয়েকদিন আগে সশস্ত্র সন্ত্রাসীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গাড়িতে হামলা চালায়। আমাদের অনেক সম্মানিত শিক্ষক আহত হয়েছেন। বলা হচ্ছে, হামলাকারীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েরই শিক্ষার্থী এবং শিবিরকর্মী। শিক্ষকদের সঙ্গে শিক্ষার্থীদের কী নিয়ে দ্বন্দ্ব থাকতে পারে? দ্বন্দ্ব যদি থেকেও থাকে তা নিরসনের পথও তো রয়েছে। শিক্ষার্থীরা তাদেরই শিক্ষকদের ওপর হামলা চালাচ্ছে! আমাদের শিক্ষার পরিবেশ কোথায় নেমেছে তা সহজেই অনুমেয়।

সামিউল ইউসুফ
হাটহাজারী, চট্টগ্রাম

অনির্ধারিত আলোচনায় একটি বই

এ কে খন্দকারের '১৯৭১ : ভেতরে বাইরে' বইটি নিয়ে তুমুল বিতর্কের ঝড় উঠেছে। নিজের ব্যক্তিগত দৃষ্টিকোণ থেকে লেখা একটি বইয়ের সবকিছু সত্য ও নির্ভুল হবে– এমন দাবি নিশ্চয়ই লেখকও করেন না। এ কে খন্দকার ইতিহাসবিদ নন। তিনি কোনো গবেষণাপত্রও তৈরি করেননি। তিনি যা মনে করেছেন তা-ই লিখেছেন। যে বয়সে তিনি বইটি লিখেছেন, সে

স্ন্যাপশট

গোধূলির মায়াজাল

ছবি : ও.এফ. তুষার, *কুড়িল, ঢাকা*

বয়সে তার স্মৃতিশক্তি তার সঙ্গে প্রতারণা করতেই পারে। বইটিতে ভুল-ভ্রান্তি থাকা অস্বাভাবিক নয়। ভুল থাকলে তা সমাধানের পথও আছে। সমাধানের পথে না গিয়ে একটি বই নিয়ে সংসদে আলোচনা করা কতটা যৌক্তিক? ভুলের প্রতি লেখকের দৃষ্টি আকর্ষণ না করে সংসদে দাঁড়িয়ে লেখককে ঘুষখোর, বিদেশি চর, অজ্ঞ ইত্যাদি বলা কতটা শোভনীয়?

আমীরুল সরদার
রমনা, ঢাকা

সম্মেলন নয়, বিদ্যালয় চাই

৮ সেপ্টেম্বর ছিল আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। নানা আয়োজনের মাধ্যমে এ দিন পালন করা হয়ে থাকে। বাংলাদেশও দিবসটি পালন করেছে। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। কিন্তু প্রকৃত অর্থে নিরক্ষরতা দূরীকরণে আমরা কী করছি? একদিকে মহাসম্মেলন করছি, অন্যদিকে এক এক করে দখল হয়ে যাচ্ছে প্রাথমিক বিদ্যালয়। একদিকে এসি হলে বসে নিরক্ষরতা দূরীকরণ নিয়ে আলোচনা হয়, অন্যদিকে ছোট ছোট ছেলে-মেয়েরা তাদের বিদ্যালয় ফিরে পাওয়ার দাবিতে রাস্তায় মিছিল করে। এ কেমন পরিস্থিতি?

সুমন খন্দকার
মিরপুর, ঢাকা

ইলিশ উৎপাদন বাড়বে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক প্রথমবারের মতো বাংলাদেশের ইলিশের প্রজনন ক্ষেত্রগুলোকে শনাক্ত করতে সক্ষম হয়েছেন। অথচ এই সাফল্যের খবরটিকে যতটা গুরুত্ব দিয়ে প্রচার করার কথা ততটা গুরুত্ব দেয়া হয়নি। যাই হোক, এখন এই প্রজনন ক্ষেত্রগুলো যদি সুরক্ষিত করা যায় তাহলে ইলিশের উৎপাদন বাড়বে তাতে কোনো সন্দেহ নেই। এই প্রজনন ক্ষেত্রগুলোতে ইলিশ ধরা বন্ধ করতে হবে। মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের উচিত ইলিশ মাছ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই গবেষকদের সঙ্গে সমন্বিতভাবে কাজ করা।

মামুন তালুকদার
হালিশহর, চট্টগ্রাম

কালজয়ী ফিরোজা বেগম

বাংলা সংগীত ভুবন থেকে চিরবিদায় নিলেন উপমহাদেশের কিংবদন্তি সংগীতশিল্পী ফিরোজা বেগম। কবি নজরুলের গানের পাখির কণ্ঠ সরাসরি শোনার সৌভাগ্য আমাদের আর হবে না। তার মহাপ্রয়াণে আমি শোকাহত। তিনি এককভাবে বাংলা গান, বিশেষ করে নজরুলের গানকে যে উচ্চতায় নিয়ে গেছেন তা বিস্ময়কর। বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়ে তিনি উঠে এসেছেন। সম্ভ্রান্ত পরিবারে জন্ম হওয়া সত্ত্বেও তার পথচলা কখনই নিষ্কণ্টক ছিল না। বন্ধুর পথ অতিক্রম করেই তিনি সংগীত ভুবনের সর্বোচ্চ আসনে আসীন হয়ে ছিলেন। শত বছরে তার মতো একজন শিল্পী পাওয়াও ভাগ্যের ব্যাপার। তিনি তার গানের মাধ্যমেই এই উপমহাদেশে অমর হয়ে থাকবেন।

শাহনাজ বেগম
ঢাকা বিশ্ববিদ্যালয়

শ্রীচিন্ময় আমাদেরও গর্ব

নিউইয়র্কের একটি রাস্তার নাম শ্রীচিন্ময় স্ট্রিট। চট্টগ্রামের বোয়ালখালীতে ১৯৩১ সালে জন্ম নেয়া এক বাঙালি জ্ঞানতাপসের নামে রাস্তাটির এই নাম দেয়া হয়েছে। ১৯৪৪ সালে এই অধ্যাত্ম-শিক্ষাগুরু ভারতে পাড়ি জমান। বিশ্বব্যাপী তার ব্যাপক পরিচিতি বিস্ময়কর। বিশ্বের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে মুক্তির উপায় নিয়ে ছুটে বেড়িয়েছেন। ২০০৭ সালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আমৃত্যু অধ্যাত্ম সাধনা করেছেন, ছড়িয়ে দিয়ে গেছেন শান্তির বার্তা, ছড়িয়েছেন মুক্তির আলো। সেই আলোয় আজো আলোকিত বিশ্ব। শ্রীচিন্ময় আমাদেরও গর্ব। যদিও আমরা কেন জানি তাদের দূরে সরিয়ে রাখতে চাই।

রবীন রোজারিও
আরমানিটোলা, ঢাকা

রক্ত নিয়ে শান্তির প্রচার হয় না

ইসলামিক স্টেট (আইএস) জঙ্গিরা নির্বিচারে ব্রিটিশ ও মার্কিনিদের শিরশ্ছেদ করছে। সাধারণ মানুষ তো বটেই, এমনকি সাংবাদিক ও ত্রাণকর্মীরাও রেহাই পাচ্ছেন না। বর্বরভাবে তারা হত্যাকাণ্ড চালাচ্ছে এবং ঘটনার ভিডিওচিত্র প্রকাশ করছে। এসব করে তারা কী হাসিল করছে কে জানে! তারা ইসলামিক রাজত্ব কায়েম করার কথা বলছে। কোনোকালে কি ইসলাম এভাবে প্রতিষ্ঠিত হয়েছিল? ইসলাম কি কখনো নিরপরাধ মানুষের রক্তধোয়া পথ দিয়ে হেঁটেছে? তাহলে আইএস কোন ইসলামের কথা বলে! ইসলামের স্বার্থেই এদের বিরুদ্ধে সোচ্চার হতে হবে।

মুনেম হাওলাদার
সাভার, ঢাকা

মহাপরিকল্পনা চাই

পর্যটন শিল্পের উন্নয়নে আঞ্চলিক যোগাযোগ বাড়ানোর পরামর্শ দিয়েছেন ঢাকায় নিয়োজিত বিভিন্ন দেশের কূটনীতিকরা। যোগাযোগ বাড়াতে যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়া জরুরি। যোগাযোগ ব্যবস্থার বেহাল দশার কারণে বন্যাকবলিত এলাকায় ত্রাণ সহায়তা পৌঁছানো যায় না। সেখানে পর্যটনের উন্নয়ন নিয়ে যে কতটা ভাবা হয় তা বুঝতে অসুবিধা হয় না। দু-তিনটি রাস্তা মেরামত করে, কিছু প্রত্নতাত্ত্বিক ভবন অদক্ষদের দিয়ে রঙ করিয়ে পর্যটনের উন্নতি হয় না। বাংলাদেশের পর্যটন নিয়ে মহাপরিকল্পনা ও দেশপ্রেম প্রয়োজন।

সালাম মুনশি
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

সমঅধিকার চাই

আমরা উঁচু গলায় সমান অধিকারের কথা বলি, যদিও কোনো এক অজ্ঞাত কারণে সমাজের সবার জন্য সেই অধিকারটি সমান হয় না। নানা রকম অজুহাতের কারণে আমরা দরিদ্র মানুষের দিকে সাহায্যের হাত বাড়াতে পারি না। সহানুভূতির এতটাই অভাব আমাদের! আমরা প্রায়ই বলে থাকি, মানুষ মানুষের জন্য। কিন্তু আমাদের আচরণ ও কর্মকাণ্ডই বলে দেয়, বাস্তবিক অর্থে আমরা শুধু নিজেদেরই জন্য। অধিকারবঞ্চিত অসহায় মানুষগুলো তো এ দেশেরই সন্তান। আমরা আমাদের দেশকে ভালবেসে দেশের জন্য যুদ্ধ করতে পারি, জীবন পর্যন্ত দিতে পারি। অথচ দেশের এই মানুষগুলোকে তাদের প্রাপ্য অধিকার বা সম্মানটুকুও দিতে পারি না!

আরিফুন নাহার
বিএম কলেজ, বরিশাল

নৌপথের নিরাপত্তায় জোরালো পদক্ষেপ প্রয়োজন

প্রতি বছর বর্ষা এলেই লঞ্চ দুর্ঘটনার সংবাদ শুনতে পাই। নৌ-দুর্ঘটনায় প্রতি বছরই প্রাণ যায় শত শত মানুষের। কিন্তু সরকারের পক্ষ থেকে এসব দুর্ঘটনা প্রতিরোধে সব ধরনের পদক্ষেপ নেয়ার কথা বলা হলেও কার্যত দুর্ঘটনা ঘটেই চলেছে। তিন শতাধিক যাত্রী নিয়ে গত ৪ আগস্ট কাওড়াকান্দি থেকে মাওয়া আসার পথে পদ্মায় ডুবে যায় এমএল পিনাক-৬ নামের একটি লঞ্চ। মর্মান্তিক এ দুর্ঘটনায় এ পর্যন্ত ৪৬ জনের লাশ উদ্ধার ও দেড় শতাধিক যাত্রীকে জীবিত উদ্ধার করার খবর পাওয়া গেলেও এখনো অনেকে রয়েছে নিখোঁজ। অবস্থান শনাক্ত করা যায়নি ডুবে যাওয়া লঞ্চটিরও। জানি না এ ঘটনায় কতজনের সলিল সমাধি হয়েছে। প্রশ্ন হলো, আমরা কি শোক প্রকাশ আর ক্ষতিপূরণ দেয়ার মধ্যেই দায়িত্ব শেষ করব, নাকি এর পুনরাবৃত্তি রোধে ব্যবস্থা নেব? সময় থাকতে নৌ-দুর্ঘটনা রোধে ত্রুটিপূর্ণ নৌযান চলাচল বন্ধ করা, অতিরিক্ত যাত্রী বহন রোধ করা, দক্ষ-প্রশিক্ষিত চালক নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা নিতে হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। নিশ্চিত করতে হবে সরকারি প্রতিষ্ঠানের যথাযথ তদারকি, দূর করতে হবে তাদের অনিয়ম-দুর্নীতিও। অতিরিক্ত যাত্রী হয়ে নৌযানে না উঠতে সচেতন করতে হবে যাত্রীদেরও।

মো. এনামুল হক লিটন,
সাহেনা আক্তার
বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম

কেন ওদের এত কষ্ট

নদীমাতৃক দেশ আমাদের এই বাংলাদেশ। এই নদী আমাদের যেমন জীবন বাঁচায়, তেমনি নিঃস্বও করে। গ্রাস করে বসতভিটা। সর্বহারা মানুষ ছুটে চলে আশ্রয় আর খাবারের খোঁজে। সরকারের সব সাহায্য অনেক সময় তাদের কাছে পৌঁছায় না। ত্রাণের আশায় দিনের পর দিন অপেক্ষা করেও ত্রাণ পায় না। কেন ওদের এত কষ্ট? সরকার ও সাধারণ মানুষের উচিত ওদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়া। আমরা তো একই দেশের মানুষ। প্রকৃতি ওদের প্রতি এতটা নিষ্ঠুর হয়েছে বলে আমরা কেন হব?

আফিফী আক্তার
ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা

পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০

ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com